যুগান্তর

তারিখ ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ......

AUG. 20 2002

# শিক্ষামন্ত্রীর সঙ্গে ঢাবি ভারপ্রাপ্ত ভিসির দ্বিমত পোষণ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক আ ফ ম ইউসুফ হায়দার শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুকের বক্তব্যের সঙ্গে দ্বিমত পোষণ করে বলেছেন, বিচার বিভাগীয় তদন্ত কমিটির রিপোর্ট পেশের সঙ্গে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার কোন সম্পর্ক নেই। ক্যাম্পাসে শিক্ষার পরিবেশ সৃষ্টি হলেই বিশ্ববিদ্যালয় খুলে দেয়া হবে। গতকাল যুগান্তরের সঙ্গে আলাপকালে তিনি আরও বলেন, বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার ব্যাপারে বিভাগীয় ও ইন্সটিটিউটগুলোর প্রধান, শিক্ষক এবং ছাত্রনেতাদের সঙ্গে আলাপ-আলোচনা শেষে সিন্ডিকেটের মাধ্যমে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে।